দৈনিক খবর

তারিখ ... 18 NOV 1990 ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 4 ...

15

# দশম বিসিএস ৮৯/৯০–এর মৌখিক পরীক্ষা সম্পর্কে জ্ঞাতব্য

দশম বিসিএস পরীক্ষা ১৯৮৯/৯০–এর লিখিত অংশে কৃতকার্য যে সকল প্রার্থীর মৌখিক পরীক্ষা আগামী রোববার, সোমবার, মঙ্গলবার এবং বুধবার যথাক্রমে ১৮, ১৯, ২০ এবং ২১শে নভেম্বর ১৯৯০ ইং তারিখে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল অনিবার্য কারণবশতঃ তা উক্ত তারিখসমূহের পরিবর্তে যথাক্রমে বুধবার ৫ই ডিসেম্বর, বৃহস্পতিবার ৬ই ডিসেম্বর, শনিবার ১৫ই ডিসেম্বর এবং সোমবার ১৭ই ডিসেম্বর ১৯৯০ইং তারিখে সকাল ৯–৩০ মিনিটে অনুষ্ঠিত হবে। এর জন্য প্রার্থীদের নিকট পুনরায় কোন চিঠি প্রেরণ করা হবে না। সংশ্লিষ্ট সকলকে পরিবর্তিত তারিখসমূহে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়েছে। খবর তথ্য বিবরণীর।

## পরীক্ষা স্থগিত

আজ রোববার অনুষ্ঠিতব্য সিনিয়র ডিপ্লোমা নার্সিং কোর্সে ছাত্র ভর্তির লিখিত পরীক্ষা অনিবার্য কারণবশতঃ স্থগিত ঘোষণা করা হয়েছে।

পরীক্ষার তারিখ পরবর্তী সময়ে জানানো হবে।